২০২৪ সালের নির্বাচনে ফের প্রার্থী হওয়ার ইঙ্গিত ট্রাম্পের

চেম্বার ডেস্ক:: যুক্তরাষ্ট্রের ২০২৪ সালের প্রেসিডেন্ট নির্বাচনে ফের প্রার্থী হতে পারেন বলে ইঙ্গিত দিয়েছেন ডোনাল্ড ট্রাম্প। মঙ্গলবার রাতে হোয়াইট হাউসের এক অনুষ্ঠানে তিনি এমন ইঙ্গিত দিয়েছেন।

ওই অনুষ্ঠানে সমর্থকদের উদ্দেশে ট্রাম্প বলেন, চারটি বছর খুব চমৎকার ছিল। আরও ৪ বছরের জন্য চেষ্টা করছি আমরা। না হলে, ৪ বছরের মধ্যে আবার আমাদের দেখা হবে।’

অনুষ্ঠানে তিনি এমন মন্তব্য করেছেন বলে সেখানে উপস্থিত রিপাবলিকান পার্টির দুটি সূত্র ফক্স নিউজকে নিশ্চিত করেছেন।

যুক্তরাষ্ট্রের এবারের প্রেসিডেন্ট নির্বাচনে ডেমোক্র্যাট জো বাইডেন জয়ী হলেও ট্রাম্প পরাজয় স্বীকার করেননি বরং নির্বাচনের ফল পরিবর্তনের জন্য আইনি লড়াই চালিয়ে যাচ্ছেন।

২০২৪ সালের নির্বাচনে ফের দাঁড়ানোর সম্ভবনার বিষয়ে এর আগ পর্যন্ত চুপ ছিলেন ট্রাম্প। ২৬ নভেম্বর, ‘থ্যাংসগিভিং ডে’তে তিনি বলেছিলেন, ‘আমি এখনো ২০২৪ নিয়ে কথা বলতে চাই না।’

২০ জানুয়ারি বাইডেনের অভিষেক অনুষ্ঠানের আগেই বা ওই অনুষ্ঠান চলাকালে ট্রাম্প ফের ৪ বছর পরের প্রেসিডেন্ট নির্বাচনে দাঁড়ানোর ঘোষণা দিতে পারেন বলে প্রতিবেদনটিতে বলা হয়েছিল।

অভ্যন্তরীণ ওই বিতর্ক সর্ম্পকে অবহিত একটি সূত্র বার্তা সংস্থা রয়টার্সকে জানিয়েছেন, ২০ জানুয়ারি বাইডেনের অভিষেক অনুষ্ঠানে

উপস্থিত না হয়ে বরং ওই সময়ই ২০২৪ সালের নির্বাচনে দাঁড়ানোর ঘোষণা দেবেন বলে উপদেষ্টাদের সঙ্গে আলোচনা করছিলেন ট্রাম্প।